

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০১৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৫. দুই সাহু সিজদা সম্পর্কে

باب السَّهْوِ فِي السَّجْدَتَيْنِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُريْعٍ، ح وَحَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا مَسْلَمَةُ بْنُ مُحَمَّدٍ، قَالَ حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ، حَدَّثَنَا أَبُو قِلَابَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ سَلَّمَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي ثَلَاث رَكَعَات مِنَ الْعَصْرِ ثُمَّ دَخَلَ _ قَالَ عَنْ مَسْلَمَةَ _ الْحُجَرَ فَقَامَ إِلَيْهِ رَجُلٌ يُقَالُ لَهُ الْخِرْبَاقُ كَانَ طَويِلَ الْيَدَيْنِ فَقَالَ لَهُ أَقَصَرُتِ لَمَ مَسْلَمَةً _ الْحُجَرَ فَقَامَ إِلَيْهِ رَجُلٌ يُقَالُ لَهُ الْخِرْبَاقُ كَانَ طَويِلَ الْيَدَيْنِ فَقَالَ لَهُ أَقَصَرُت لِللهَ عَلَى اللهِ فَخَرَجَ مُغْضَبًا يَجُرُّ رِدَاءَهُ فَقَالَ " أَصَدَقَ " . قَالُوا نَعَمْ . فَصلَلَى تِلْكَ الرَّكْعَةَ ثُمَّ سَلَّمَ ثُمَّ سَجَدَ سَجْدَتَيْهَا ثُمَّ سَلَّمَ .

صحیح: م

বাংলা

১০১৮। ইমরান ইবনু হুসাইন (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আসরের তিন রাক'আত সালাত আদায় করেই সালাম ফিরালেন এবং হুজরায় প্রবেশ করলেন। তখন লম্বা হাতওয়ালা বিশিষ্ট খিরবাক্ব নামক এক ব্যক্তি উঠে বললেন, হে আল্লাহর রসূল! সালাত কি কমিয়ে দেয়া হয়েছে? এ কথা শুনে রসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাগান্বিত অবস্থায় চাদর টানতে টানতে বেরিয়ে এসে লোকদেরকে জিজ্ঞেস করলেন, সে কি সত্য বলেছে? লোকজন বললো, হাঁ, তখন তিনি অবশিষ্ট এক রাক'আত সালাত আদায় করে সালাম ফিরালেন। অতঃপর দু'টি সাহু সিজদা্ দিয়ে পরে সালাম ফিরালেন।[1]

সহীহ: মুসলিম।

English

'Imran b. Husain said:



The Messenger of Allah () gave the salutation at the end of three rakahs in the afternoon prayer, then went into the apartment (according to the version of maslamah). A man called al-Khirbaq who had long arms got up and said; has the prayer been shortened, Messenger of Allah? He came out angrily trailing his cloak and said: Is he telling the truth? they said; Yes. He then prayed that rakah, then gave the salutation, then made two prostrations, then gave the salutation.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাত আদায়ে ভুল করলে এবং সাহু সিজদা করা), নাসায়ী, (অধ্যায় : সাহু, হাঃ ১২৩৬), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ কোন ব্যক্তির সালাম ফিরিয়ে দুটি সাহু সিজদা দেয়া, হাঃ ১২১৫) সকলে খালিদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন